দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 22 APR 1989
পৃষ্ঠা 5 কলাম 7



# জনমত

## উচ্চ মাধ্যমিক পরীক্ষার সময়সূচী

আগামী ৮ই জুন ৮৯ ইং ঢাকা বোর্ডের এইচএসসি পরীক্ষা অনুষ্ঠিত হতে যাচ্ছে। গত ১১-৪-৮৯ ইং তারিখের দৈনিক বাংলায় পরীক্ষার সময়সূচী প্রকাশ করা হয়েছে। এই সময় সূচী অনুযায়ী একমাত্র গার্হস্থ্য অর্থনীতি শাখার পরীক্ষার্থিনীদের কোন বিরতি ছাড়াই পর পর দু দিন দুই বেলা দুই ভিন্নধর্মী বিষয়ের পরীক্ষা দিতে হবে। উদাহরণ স্বরূপ ১১-৬-৮৯ ইং তারিখ সকালে ইংরেজী ২য় পত্র পরীক্ষা দিয়ে একজন গার্হস্থ্য অর্থনীতি শাখার পরীক্ষার্থিনীকে ১২-৬-৮৯ তারিখে সকালে অর্থনীতি ১ম পত্র এবং বিকালে সাধারণ বিজ্ঞান এবং খাদ্য ও পারিপুষ্টি ১ম পত্র (জীব বিজ্ঞান ও রসায়ন বিজ্ঞান) এবং ১৩-৬-৮৯ ইং তারিখে সকালে অর্থনীতি ২য় পত্র, বিকালে সাধারণ বিজ্ঞান এবং খাদ্য ও পরিপুষ্টি ২য় পত্র পরীক্ষা দিতে হবে এবং উক্ত বিষয়গুলি পুনরায় পাঠের (রিভিশনের) জন্য সময় পাওয়া যাবে মাত্র সাড়ে ৩ ঘণ্টা আর পরীক্ষার দিন বিশ্রাম স্বরূপ দুই পরীক্ষার মধ্যবর্তী সময়ে (বেলা ১টা—২টা পর্যন্ত) মাত্র ১ ঘন্টা। মাননীয় বোর্ড কর্তৃপক্ষের কাছে আমার সবিনয় প্রশ্ন, গার্হস্থ্য অর্থনীতি শাখার বিষয়গুলির সিলেবাস কি এতই সহজ যা মাত্র সাড়ে ৩ ঘন্টায় পুনঃপাঠ করা সম্ভব? অনবরত ৩ ঘন্টা লেখার পর মাত্র এক ঘন্টা বিশ্রাম নিয়ে (যেখানে পূর্বের দিনও পরীক্ষার্থী থাকবে পরিশ্রান্ত) কি করে ৩ ঘন্টা ধরে ভিন্নধর্মী অপর বিষয়ে পরীক্ষা দেয়া সম্ভব। তাই গার্হস্থ্য অর্থনীতি শাখার সকল পরীক্ষার্থিনীদের পক্ষ থেকে বোর্ড কর্তৃপক্ষের কাছে আমার বিনীত নিবেদন, অন্তত অর্থনীতি পরীক্ষার সময়সূচী পরিবর্তন করে (যদিও ইতিপূর্বে সচরাচর সময়সূচী পরিবর্তন করা হয়নি) আমাদের বাধিত করবেন।

জনৈকা এইচএসসি পরীক্ষার্থিনী
গার্হস্থ্য অর্থনীতি কলেজ,
আজিমপুর, ঢাকা।

।।২।।

উচ্চ মাধ্যমিক পরীক্ষা একজন ছাত্রের উচ্চ শিক্ষা অর্জনের সবচেয়ে গুরুত্বপূর্ণ সোপান। এই পরীক্ষার মাধ্যমেই তার ভবিষ্যৎ জীবনের কর্মপথা নির্ধারিত হয়। তাই এই পরীক্ষার কোন অংশ বিশেষ করে সময়সূচী নিয়ে হেলাফেলা করা যায় না। পরীক্ষায় ভাল ফল পেতে হলে ভাল সময়সূচী অর্থাৎ ছাত্রছাত্রীরা যাতে প্রতিটি বিষয় ভালভাবে পড়ে প্রস্তুতি নিতে পারে সে জন্যে বিভিন্ন বিষয়ের পরীক্ষার মাঝে পর্যাপ্ত বিরতি রেখে সময় সূচী নির্ধারণ করা প্রয়োজন। কিন্তু এবার ঢাকা বোর্ডের এইচএসসি পরীক্ষার সময় সূচীর বেলায় তা করা হয় নি। বিশেষ করে বিজ্ঞান বিভাগের বারটি পরীক্ষা মাত্র তের দিনের মধ্যে শেষ করার ব্যবস্থা করে এব্যাপারে রেকর্ড সৃষ্টি করা হয়েছে। বিজ্ঞান বিষয়গুলোর মাঝে অন্ততঃ একদিন করে বিরতি দেয়া উচিত ছিল। বাণিজ্য ও কলা বিভাগের ঐচ্ছিক বিষয়গুলির মাঝেও সুনির্দিষ্টভাবে বিরতি রাখা প্রয়োজন। এ ব্যাপারে বোর্ড কর্তৃপক্ষ, শিক্ষা মন্ত্রণালয় এবং সদাশয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

—রকিবুল ইসলাম রকিব